

রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৮৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৬]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৮: দ্বীনে অটল থাকার গুরুত্ব

(8) _ باب الاستقامة

আরবী

وعن أبي هريرة رضي الله عنه: قال: قال رسول الله صلى الله عليه وسلم قاربوا وسددوا، واعلموا أنه لن ينجو أحد منكم بعمله" قالوا: ولا أنت يا رسول الله؟ قال: "ولا أنا إلا أن يتغمدنى الله برحمة منه وفضل" (رواه مسلم).

বাংলা

২/৮৭। আবৃ হুরাইরাহ রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''তোমরা (হে মুসলিমরা!) (দ্বীনের ব্যাপারে) ভারসাম্য বজায় রাখ এবং সোজা হয়ে থাক। আর জেনে রাখ যে, তোমাদের মধ্যে কেউই স্বীয়কর্মের দ্বারা (পরকালে) পরিত্রাণ পাবে না।'' সাহাবীগণ বললেন, 'হে আল্লাহর রাসূল! আপনিও নন?' তিনি বললেন, ''আমিও নই। তবে আল্লাহ আমাকে তাঁর অনুগ্রহে ও দয়াতে ঢেকে রেখেছেন।''[1]

* আলেমগণ বলেন, 'ইস্তিকামাত' বা আল্লাহর দ্বীনে অটল থাকার অর্থ হলঃ সর্ব কাজে নিরবচ্ছিন্নভাবে তাঁর আনুগত্য করা। এটি একটি ব্যাপকার্থবাধক শব্দ। এটি হল সর্ব কাজের জন্য সুন্দর নীতি। আর আল্লাহই তওফীকদাতা।

English

(8) Chapter: Uprightness and Steadfastness

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

Messenger of Allah (ﷺ) said, "Follow the Right Path of Faith strictly, and be steadfast; and keep in mind that none of you can achieve salvation through his (good) actions." Someone asked, "Not even you, O Messenger of Allah?" He (ﷺ) said, "Not even me, unless Allah grants me His Mercy and Grace".

[Muslim].



ফুটনোট

[1] সহীহুল বুখারী ৫৬৭৩, ৩৯,৬৪৬৩, মুসলিম ২৮১৬, নাসায়ী ৫০২৩, ইবনু মাজাহ ৪২০১, আহমাদ ৭১৬২, ৭৪৩০, ৭৫৩৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন